

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ  
[ssrc.portal.gov.bd](http://ssrc.portal.gov.bd)

নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৯১.১৯ / ৬৪৭

তারিখঃ মে ২০২৩  
জ্যৈষ্ঠ ১৪৩০

প্রাপকঃ জনাব বেনজির আহমেদ  
(পিএইচডি গবেষক)  
উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড)  
কোটবাড়ি, কুমিল্লা  
মোবাইলঃ ০১৭১২২২৬৬৮৩  
ইমেইলঃ [ahmed\\_benzir@yahoo.com](mailto:ahmed_benzir@yahoo.com)

**বিষয়ঃ গবেষণার অগ্রগতির প্রতিবেদন জমাদান।**


**গবেষণার শিরোনামঃ "Social Remittances Induced Changes in Livelihoods of Transnational Migrants in Bangladesh" – শীর্ষক পিএইচডি গবেষণা।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত উপরোল্লিখিত শিরোনামের গবেষণাটি ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকায় পরিচালনা করার জন্য বিগত ২৪/১১/২০১৯ তারিখে আপনার সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিমালা অনুযায়ী গবেষণার মেয়াদ ৩৬ (ছত্রিশ) মাস যা ২৩/১১/২০২২ তারিখে উত্তীর্ণ হয়েছে। পরবর্তীতে আপনার আবেদনের প্রেক্ষিতে গবেষণার মেয়াদ ৩০/০৬/২০২৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

০২। আপনি উপরোল্লিখিত শিরোনামের পিএইচডি গবেষণাটি নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করার বিষয়ে চুক্তিবদ্ধ হলেও চুক্তির শর্ত অনুযায়ী কোন টার্ম রিপোর্ট অথবা আপনার পিএইচডি গবেষণার কোন প্রকার অগ্রগতি প্রতিবেদন/থিসিস এখনও পর্যন্ত পাওয়া যায়নি।

০৩। এমতাবস্থায়, আপনার গবেষণার মেয়াদ ৩০/০৬/২০২৩ তারিখে উত্তীর্ণ হবে বিধায় নির্ধারিত সময়ের মধ্যে গবেষণার থিসিস পেপার সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় চুক্তি নামার "৩" অনুচ্ছেদ অনুযায়ী চুক্তি বাতিলের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।


আপনার বিশ্বস্ত  
  
২৪/০৬/২০২৩  
(মোঃ লুৎফর রহমান)  
গবেষণা কর্মকর্তা  
ফোনঃ ৯১৮০৭৯৭

নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৯১.১৯

তারিখঃ মে ২০২৩  
জ্যৈষ্ঠ ১৪৩০

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল পরিকল্পনা বিভাগ, ঢাকা (Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। গবেষণা অনুসন্ধানী (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা (এসএসআরসির Webportal এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। সংশ্লিষ্ট নথি, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

  
২৪/০৬/২০২৩  
(মোঃ লুৎফর রহমান)  
গবেষণা কর্মকর্তা